কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭

ফোনঃ ৯১১০৯৫৩
৮১২১৯৩১-২
ফ্যাক্সঃ ৯১১৮৪১৫
ইমেইলঃ bjriinfo@yahoo.com

স্মারক নং-১২.২৩.২৬৮০.০০৪.১১.০৪৫.১৪/ ২৯০২ তারিখ- ২২/০২/২০১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী শূন্য পদসমূহে (ক্রমিক নং-১ ব্যতিত) অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন আগ্রহী বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদনের মডেল ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

নং	পদের নাম	পদসংখ্যা	বেতন স্কেল ও গ্রেড	প্রয়োজনীয় যোগ্যতা
১	আইন উপদেষ্টা	১টি	রিটেইনার ফি মাসিক ১০০০০/- অন্যান্য ফি আলোচনাসাপেক্ষে	মহামান্য হাইকোর্টে মামলা পরিচালনায় ৫ বছরের অভিজ্ঞতাসহ ৭ বছরের বাস্তব অভিজ্ঞতা।
২	উপ-পরিচালক (প্রশাসন)	১টি	৩৫৫০০-৬৭০১০/- গ্রেড-৬	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী/দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ অফিস ব্যবস্থাপনা/প্রশাসন/অর্থ/ সংগ্রহ ও রক্ষণাবেক্ষণে অন্যূন ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
৩	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	কৃষি উইং-৬টি	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	বিএসসি (কৃষি)/এমএস/এমএসসি এবং সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীর বাস্তব অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য।
		কারিগরী উইং-২টি	২২০০০-৫৩০৬০/- গ্রেড-৯	বিএসসি (টেক)/এমএস/এমএসসি এবং সকল পর্যায়ে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণীর বাস্তব অভিজ্ঞতাসহ প্রার্থী অগ্রাধিকারযোগ্য।
৪	উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)	১টি	১৬০০০-৩৮৬৪০/- গ্রেড-১০	সিভিল প্রকৌশলী ডিপ্লোমা। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকারযোগ্য।
৫	ট্রাক চালক/ট্রাক্টর চালক/গাড়ী চালক	১টি	৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	যানবাহন চালনায় ৫ বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেনী পাস। হালকা/ভারী যানবাহন চালনার লাইসেন্স থাকতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
৬	ক্যাশ সরকার	১টি	৮৫০০-২০৫৭০/- গ্রেড-১৯	বাস্তব অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাস।
৭	সহকারী ম্যাশন	১টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।
৮	সহকারী মেশিন অপারেটর	১টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।
৯	অফিস সহায়ক	৪টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।
১০	নিরাপত্তা প্রহরী	১টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।
১১	পরিচ্ছন্নতা কর্মী	১টি	৮২৫০-২০০১০/- গ্রেড-২০	বাস্তব অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস।

শর্তাবলীঃ

১। ক্রমিক নং-১ বর্ণিত পদের অনুকূলে আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবিসহ ০৩ (তিন) সেট আবেদনপত্র আগামী ১৬-৩-২০১৭ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে মহাপরিচালক মহোদয় বরাবর দাখিল করতে হবে।

২। ক্রমিক নং-২ হতে ১১ এ বর্ণিত পদের অনুকূলে প্রার্থীদেরকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার ২৯-১২-২০১৪ তারিখের ০৫.১১০.০০০.০০.০০.০৮৯.১৪-০১ সংখ্যক স্মারকে প্রণীত আবেদনের মডেল ফরমে আবেদন করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইট (http://www.mopa.gov.bd/uploads/2015/archive/forms/admin1-2015-01.PDF) এবং বিজেআরআই এর ওয়েব সাইট (www.bjri.gov.bd) এ আবেদনের মডেল ফরম পাওয়া যাবে।

৩। (ক) ক্রমিক নং-২ এ বর্ণিত পদের বিপরীতে আবেদনকারী প্রার্থীর বয়সসীমা ১৬-০৩-২০১৭ তারিখে সর্বনিম্ন ৩৭ বৎসর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(খ) ক্রমিক নং-৩-১১ এ বর্ণিত পদের বিপরীতে আবেদনকারী প্রার্থীর বয়সসীমা ১৬-০৩-২০১৭ তারিখে সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(চলমান পাতা-২)

৪। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থীকে নিম্নোক্ত ছক অনুযায়ী পূর্ণাঙ্গ তথ্যাদি ও কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক্রমিক নং	মুক্তিযোদ্ধার নাম	পিতার নাম	উপজেলা/ জেলার নাম	জাতীয় পরিচয় পত্র/জন্ম তারিখ	মুক্তিবার্তা নম্বর/ গেজেট নম্বর ও তারিখ	সনদ নম্বর, তারিখ ও স্মারক নম্বর	মন্তব্য
(০১)	(০২)	(০৩)	(০৪)	(০৫)	(০৬)	(০৭)	(০৮)

৫। মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে প্রার্থীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র ও কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৬। প্রাপ্ত সকল আবেদনপত্র পরীক্ষা এবং বাছাই এর পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদেরকে লিখিত এবং মৌখিক পরীক্ষার জন্য প্রবেশপত্র প্রেরণ করা হবে। আবেদনকারীগণকে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৭। (ক) ক্রমিক নং-২, ৩ ও ৪ এ বর্ণিত পদের জন্য আবেদনকারী'কে সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে।

(খ) ক্রমিক নং-৫ এ বর্ণিত পদের জন্য আবেদনকারীদের ১-৪৩০৫-৩২৫১-২০৩১ কোড নম্বরে ট্রেজারী চালানের মাধ্যমে ২০০/- (দুইশত) টাকা এবং ক্রমিক নং ৬ হতে ১১ এ বর্ণিত পদের জন্য আবেদনকারীদের একই কোড নম্বরে ১০০/- (একশত) টাকা জমার মূল রশিদ আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

৮। আবেদনপত্রের খামের উপর পদের নাম, জেলা ও কোটা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্র মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭ বরাবর আগামী ১৬-০৩-২০১৭ তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌঁছাতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত-শাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পৌঁছাতে হবে। এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। নির্ধারিত তারিখ ও সময়ের পর (ডাকযোগে বা সরাসরি) কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৯। উল্লেখিত পদে নিয়োগের ক্ষেত্রে নিয়োগ সংক্রান্ত সরকারি যাবতীয় বিধি-বিধান/আদেশ/কোটা (মুক্তিযোদ্ধা, উপজাতি, প্রতিবন্ধী, অন্যান্য বিশেষ কোটা) এবং আনুষ্ঠানিকতা অনুসরণ করা হবে।

১০। (ক) আবেদনকারী যদি কোন তথ্য গোপন করেন এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সে ক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাঁর নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

(খ) আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে; অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণযোগ্য হবে না।

১১। কৃষি মন্ত্রণালয়ের গত ০৮-০২-২০১৭ তারিখের স্মারক নং-১২.০০.০০০০.০৬৩.২২.০৫৪.১৫-৫৪ এবং ১৪-০২-২০১৭ তারিখের স্মারক নং-১২.০০.০০০০.০৬৩.১১.০০১.১৭-৬৪ এর আলোকে অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

১২। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। বিজ্ঞাপনে প্রদত্ত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(ড. এস, এম, মাহবুব আলী)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন-৯১১০৯৫৩